দৈনিক সংবাদ

তারিখ 15 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ৪

04

# ঢাকার ২৪টি সরকারি উচ্চ বিদ্যালয়ে কর্মবিরতি পালন

স্কুল শিক্ষককে প্রহারের প্রতিবাদে গতকাল বুধবার ঢাকায় ২৪টি সরকারি উচ্চ বিদ্যালয়ে পূর্ণ কর্মবিরতি পালিত হয় এবং প্রেসক্লাব চত্বরে শিক্ষক সমাবেশ হয়।

সমাবেশে ঢাকা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অলিউর রহমান গভঃ মুসলিম হাইস্কুলের শিক্ষক জিয়াউদ্দিনকে প্রহার করায় তীব্র নিন্দা জানানো হয় এবং অবিলম্বে বোর্ড থেকে অপসারণসহ তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়।